গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.mod.gov.bd

নম্বর-২৩.২৭.০০০০.১১৭.০১/০৫.০০১.২৫

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩২
৩০ সেপ্টেম্বর ২০২৫

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ সমরাস্ত্র কারখানা (বিওএফ)-এর জন্য নিম্নবর্ণিত ৯ম গ্রেডভুক্ত অসামরিক শূন্য পদসমূহ নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে অনলাইনে (http://bof.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | ০৯ নভেম্বর ২০২৫ তারিখে সর্বোচ্চ বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | সহকারী প্রকৌশলী<br>বেতন স্কেলঃ টাকা ২২০০০-৫৩০৬০ (৯ম গ্রেড) | ১৩টি | ১৮ থেকে ৩২ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা বিশ্ববিদ্যালয় থেকে যান্ত্রিক/তড়িৎ/ধাতব/রসায়ন/কম্পিউটার প্রকৌশলে স্নাতক ডিগ্রী। |
| ২. | সহকারী কেমিস্ট<br>বেতন স্কেলঃ টাকা ২২০০০-৫৩০৬০ (৯ম গ্রেড) | ১টি | ১৮ থেকে ৩২ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে রসায়নে ১ম শ্রেণীর স্নাতকোত্তর বা ২য় শ্রেণিতে স্নাতক (সম্মান)-সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর বা ধাতব প্রকৌশলে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ৩. | পার্সোনেল অফিসার/স্টোর অফিসার/আবাসিক অফিসার/ক্রয় অফিসার/বাজেট অফিসার<br>বেতন স্কেলঃ টাকা ২২০০০-৫৩০৬০ (৯ম গ্রেড) | ২টি | ১৮ থেকে ৩২ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ১ম শ্রেণীর স্নাতকোত্তর বা ২য় শ্রেণীতে স্নাতক (সম্মান)-সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |

**অনলাইনে আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

১. প্রার্থীর বয়সসীমা ০৯ নভেম্বর ২০২৫ তারিখে (দরখাস্ত জমাদানের শেষ তারিখে) ৪নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

২. চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতিপত্র দাখিল করতে হবে;

৩. প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করতে হবে:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের মূলকপি;

(খ) পূরণকৃত Online Application Form ও Admit Card সহ ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল সনদপত্রের ০১ (এক) সেট ফটোকপি এবং ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

(গ) নিজ জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রশাসক/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্রসহ অন্যান্য কাগজপত্র;

(ঙ) আবেদনকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(চ) আবেদনকারী শারীরিক প্রতিবন্ধী বা তৃতীয় লিঙ্গের হলে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত সনদপত্র;

(ছ) চাকরিরত প্রার্থীগণকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্রের মূলকপি; এবং

(জ) বৈধ জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ-এর মূলকপি প্রদর্শন করতে হবে এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০১(এক) কপি ফটোকপি দাখিল করতে হবে;

৪. **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:**

(ক) আগ্রহী প্রার্থীগণ Online Application Portal (http://bof.teletalk.com.bd)-এ প্রবেশ করে নির্ধারিত ফরম পূরণ করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত বিস্তারিত তথ্য ও নিয়মাবলী Online Application Portal-এ পাওয়া যাবে।

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১২ অক্টোবর ২০২৫ তারিখ সকাল ০৯:০০টা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৯ নভেম্বর ২০২৫ তারিখ বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যে কোনো Teletalk Pre-Paid Mobile নম্বর থেকে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

(খ) আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel×প্রস্থ ৮০ pixel) এবং রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB থেকে হবে;

(গ) **যেহেতু Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।** আবেদনকারী যদি কোনো ভুল বা অসত্য তথ্য দাখিল করে বা তথ্য গোপন করে এবং পরবর্তীতে তা সনাক্ত হয় সেক্ষেত্রে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে এবং তার নিয়োগাদেশ বাতিল করা হবে;

(ঘ) **প্রার্থী কর্তৃক** Online -এ পূরণকৃত **আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করতে হবে;**

(ঙ) **SMS প্রেরণ এবং পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলি:** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করতঃ আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে **পরীক্ষার ফি বাবদ ২২৩/- টাকা এবং অনগ্রসর নাগরিক ৫৬/-** টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, " Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না";**

প্রথম SMS: BOF<space> USER ID লিখে send করতে হবে 16222 নম্বরে।
**Example: BOF ABCDEF**

Reply: Applicant's Name, Tk............... will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BOF< space > YES < space> PIN and send to 16222.

দ্বিতীয় SMS: BOF< space >YES< space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
**Example: BOF YES 12345678**

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BOF Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bof.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online **আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা,** SMS **পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়;**

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিতে হবে। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন;

(i) User ID জানা থাকলে BOF< space >Help< space>User< space>User ID & Send to 16222.
Example: BOF Help User ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে BOF< space >Help< space>PIN< space>PIN No & Send to 16222.
Example: BOF Help PIN 12345678 & send to 16222.

(ঝ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে যেকোনো টেলিটক নম্বর থেকে ১২১ এ অথবা নিকটস্থ টেলিটক কাস্টমার কেয়ার এ যোগাযোগ করতে হবে;

(ঞ) পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.mod.gov.bd এবং www.bof.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে;

৫. 'বিভাগীয় প্রার্থী' অর্থ এরূপ কর্মচারী যিনি সংশ্লিষ্ট অধিদপ্তর বা পরিদপ্তর বা দপ্তর এর রাজস্ব খাতে সৃষ্ট পদে অন্যূন ০২(দুই) বৎসর স্থায়ী বা অস্থায়ীভাবে চাকুরিরত;

৬. এই নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ জারিকৃত সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে;

৭. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

৮. প্রত্যেক প্রার্থীকে অবশ্যই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ পর্যন্ত অর্জিত সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা Online Application Form-এ উল্লেখ করতে হবে;

৯. নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধান সংশোধিত হলে অনুসরণ করা হবে;

১০. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণ কোনো প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না;

১১. যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তির সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়ে থাকেন বা বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকেন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক দণ্ডিত হয়ে থাকেন কিংবা কোনো সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, স্বশাসিত ও সংবিধিবদ্ধ কর্তৃপক্ষের এবং বিভিন্ন কর্পোরেশনের চাকরি থেকে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না এবং

১২. এই নিয়োগ সংক্রান্ত যাবতীয় বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩০।৯।২৫

সদস্য সচিব, বিভাগীয় নিয়োগ কমিটি
ও
যুগ্মসচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়